ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট

বিষয়ঃ এসি মেসিনস-১
(৬৬৭৬১)
৬ষ্ঠ পর্ব (ইলেকট্রিক্যাল)

উপস্থাপনায়-

মোঃ আসাদুজ্জামান রাকিব
ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)

মোঃ আব্দুর রউফ
জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)

Abdur Rouf Sir

পাঠ পরিচিতিঃ

বিষয়ঃ এসি মেসিনস-১ (৬৬৭৬১)
৬ষ্ঠ পর্ব (ইলেকট্রিক্যাল)

প্রথম অধ্যায়

ট্রান্সফরমারের কার্যনীতি এবং গঠন

(Understand Working Principle and Construction of Transformer)

Abdur Rouf Sir

ট্রান্সফরমার কী?

- ট্রান্সফরমার এমন একটি স্থির ইলেকট্রোমেগনেটিক ডিভাইস যার সাহায্যে পাওয়ার এবং ফ্রিকুয়েন্সি অপরিবর্তিত রেখে ভোল্টেজ এবং কারেন্টের মান প্রয়োজন অনুযায়ী কমিয়ে বা বাড়িয়ে কোন রকম বৈদ্যুতিক সংযোগ ছাড়াই ইলেকট্রোমেগনেটিক ইন্ডাকশনের (আবেশ) মাধ্যমে এক কয়েল থেকে অন্য কয়েলে স্থানান্তর করা যায়।ট্রান্সফরমার সাধারণত ভোল্টেজ আপ এবং ভোল্টেজ ডাউন করার জন্য ব্যবহার করা হয়।



Abdur Rouf Sir

গঠনঃ

ট্রান্সফরমারে প্রধানত দুইটি অংশ থাকে।

- ট্রান্সফরমার কোর (Core)
- ট্রান্সফরমার কয়েল (Coil)
- **ট্রান্সফরমার কোর (Core)**

  সিলিকন স্টিলের পাতলা শিট বা পাত কেটে কোর তৈরি করা হয়। প্রত্যেকটি কোর ভালভাবে বার্নিশ করা হয় যাতে তারা পরস্পর থেকে ইলেকট্রিক্যালি আইসোলেট (বিচ্ছিন্ন) থাকে। অনেকগুলো কোর একসাথে স্থাপন করে একটি ফ্রেম তৈরি করা হয়। এই ফ্রেমটিই প্রাইমারি এবং সেকেন্ডারি কয়েলের মধ্যে ম্যাগনেটিক সার্কিট হিসেবে কাজ করে।
- **ট্রান্সফরমার কয়েল (Coil)**

  সুপার এনামেল তার দ্বারা কয়েল তৈরি করে কোরের উপর বসিয়ে প্রাইমারি এবং সেকেন্ডারি উইন্ডিং করা হয়।প্রাইমারি এবং সেকেন্ডারি কয়েলের মাঝখানে ইলেকট্রিক্যাল কোন সংযোগ নেই। তবে কোরের মাধ্যমে মেকানিক্যালি সংযোগ করা থাকে।

বড় বড় ট্রান্সফরমারগুলাতে কোর ,কয়েল ছাড়াও বিভিন্ন অংশ থাকে। যেমনঃ

- ট্রান্সফরমার ট্যাংক
- কনজারভেটর
- বুশিং
- ব্রিদার
- টেপ চেঞ্জিং গিয়ার
- বিস্ফোরণ বা এক্সপ্লোশন ব্যান্ড


PRESSURE RELEASE DEVICE
BUCHHOLZ RELAY
CONSERVATOR
EXPLOSION VALVE
DIAPHRAGM
OIL LEVEL INDICATOR
H.T. TERMINAL
OIL INLET VALVE
L.T. PORCELAIN BUSHES
TEMPERATURE GAUGE
BREATHER
SILICA GEL
AIR
TAP CHANGER MANUALLY OPERATED
CORES
DATA PLATE
COOLING TUBES
OIL
TANK
WHEEL
EARTH
OIL OUTLET DRAIN COCK
EARTH

ট্রান্সফরমারের প্রকারভেদ

- **ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমার:** ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমার বা সার্ভিস ট্রান্সফরমার হলো এমন এক ধরনের ট্রান্সফরমার যা কনজিউমার (গ্রাহক)-দের পাওয়ার বিতরন করার জন্য ব্যবহার করা হয়। চাহিদা মত ভোল্টেজ কে স্টেপ ডাউন করে তা কনজিউমার লেভেলে বিতরন করা হয়।
- **অটো ট্রান্সফরমার:** অটো-ট্রান্সফরমার হলো এমন এক ধরনের ট্রান্সফরমার যার মাত্র একটি উয়াইন্ডিং থাকে এবং এর কিছু অংশ প্রাইমারিতে ও সেকেন্ডারিতে এবং উভয় কয়েল ইলেক্ট্রিক্যাল ও ম্যাগনেটিক্যালি সংযুক্ত থাকে।
- **ইন্সট্রুমেন্ট ট্রান্সফরমার:** ইন্সট্রুমেন্ট ট্রান্সফরমার হলো এমন এক ধরনের উচ্চ নির্ভুল শ্রেণীর ইলেকট্রিক্যাল ডিভাইস যা পৃথক ভাবে ভোল্টেজ ও কারেন্ট লেভেল আকার বদলানোর জন্য ব্যবহার করা হয়।

ইনস্ট্রুমেন্ট ট্রান্সফরমার আবার দুই প্রকার

- **কারেন্ট ট্রান্সফরমার(CT):** এটি এমন একটি ট্রান্সফরমার যা দিয়ে অধিক পরিমানের কারেন্টকে কমিয়ে কম রেঞ্জে রূপান্তর করা হয়। এটি কম রেঞ্জের মিটার দিয়ে সার্কিটের বেশি পরিমান কারেন্ট পরিমাপ করার জন্য ব্যবহার করা হয়।

Abdur Rouf Sir

- **পটেনশিয়াল ট্রান্সফরমার(PT):** এটি এমন একটি ট্রান্সফরমার যা দিয়ে অধিক পরিমানের ভোল্টেজকে কমিয়ে কম রেঞ্জে রূপান্তর করা হয়। এটি কম রেঞ্জের মিটার দিয়ে সার্কিটের বেশি পরিমান ভোল্টেজ পরিমাপ করার জন্য ব্যবহার করা হয়।

ফ্রিকোয়েন্সি অনুসারে

- **অডিও ফ্রিকোয়েন্সি ট্রান্সফরমার:** অডিও ফ্রিকোয়েন্সি ট্রান্সফরমার সাধারণত ২০Hz থেকে ২০,০০০Hz এর অডিও এমপ্লিফায়ার সার্কিটে ব্যবহার করা হয়।
- **রেডিও ফ্রিকোয়েন্সি ট্রান্সফরমার:** রেডিও ফ্রিকোয়েন্সির এনার্জিকে এক সার্কিট থেকে অন্য সার্কিটে ট্রান্সফার করার জন্য ব্যবহার করা হয়।

ফেজের সংখ্যা অনুসারে

- **সিঙ্গেল ফেজ ট্রান্সফরমার**
- **পলি ফেজ ট্রান্সফরমার**

Abdur Rouf Sir

স্থাপন অনুসারে

- ইনডোর টাইপ ট্রান্সফরমার
- আউটডোর টাইপ ট্রান্সফরমার
- আন্ডারগ্রাউন্ড ট্রান্সফরমার
- পোল মাউন্টেড ট্রান্সফরমার

কোর টাইপ ও শেল টাইপ ট্রান্সফরমার এর পার্থক্য

নিচের ছকে কোর টাইপ ও শেল ট্রান্সফরমারের মধ্যে পার্থক্য উল্লেখ করা হলো।

কোর টাইপ ট্রান্সফরমারে	শেল টাইপ ট্রান্সফরমারে
কোর টাইপ ট্রান্সফরমারে কোর উইন্ডিংকে ঘিরে থাকে।	শেল টাইপ ট্রান্সফরমারে উইন্ডিং ট্রান্সফরমারের কোরকে ঘিরে থাকে।
কোর টাইপ ট্রান্সফরমারে লেমিনেশন এল-শেপের আকারে কাটা হয়।	শেল টাইপ ট্রান্সফরমারে, লেমিনেশনগুলি E এবং L আকারে কাটা হয়।
তুলনামূলক কপারের পরিমান কম লাগে।	শেল টাইপ তুলনামূলক কপারের পরিমান বেশি লাগে।
কোর-টাইপ ট্রান্সফরমারে একটি একক সিরিজ আকারে চৌম্বকীয় সার্কিট থাকে। চৌম্বকীয় প্রবাহ শুধুমাত্র একটি চৌম্বক পথে প্রবাহিত হয়।	শেল-টাইপ ট্রান্সফরমারে ডাবল ম্যাগনেটিক সার্কিট সমান্তরাল আকারে ঘটে। চৌম্বকীয় প্রবাহ দুটি ভিন্ন চৌম্বক পথে প্রবাহিত হয়।
কোর টাইপ ট্রান্সফরমার সহজেই একটি প্রাকৃতিক কুলিং সিস্টেম (যেমন বায়ু) প্রদান করতে পারে।	শেল-টাইপ ট্রান্সফরমার সহজে প্রাকৃতিক কুলিং সিস্টেম সরবরাহ করতে পারে না।
কোর টাইপ ট্রান্সফরমার কম বিদ্যুৎ দক্ষতা কম আউটপুট শক্তি এবং উচ্চ ফ্লুটো প্রবাহের কারণে।	শেল-টাইপ ট্রান্সফরমারের উচ্চ বিদ্যুৎ দক্ষতা উচ্চ আউটপুট শক্তি এবং কম ফ্লুটো প্রবাহের কারণে।
কোর টাইপ ট্রান্সফরমারে বেশি পাওয়ার লস হয়।	শেল টাইপ ট্রান্সফরমারে কম পাওয়ার লস হয়।
ইনস্যুলেশনের আরো লাগে	ইনস্যুলেশনের কম লাগে
এটি কম এবং মাঝারি ভোল্টেজের জন্য ব্যবহৃত হয়।	সাধারণত, এটি উচ্চ ভোল্টেজের জন্য ব্যবহৃত হয়।

ট্রান্সফরমার অ্যাকশন কী?

ট্রান্সফরমারের প্রাইমারি ও সেকেন্ডারি কয়েল একই মিউচুয়াল ফ্লাক্স দ্বারা সংযুক্ত থাকে। তাই প্রাইমারি কয়েলে এসি সাপ্লাই দিলে তড়িৎ চুম্বকীয় আবেশ নীতি অনুযায়ী প্রাইমারি হতে সেকেন্ডারি কয়েলে বিদ্যুৎশক্তি স্থানান্তর ঘটে, বিদ্যুৎশক্তি স্থানান্তরের এই প্রক্রিয়াকে ট্রান্সফরমার অ্যাকশন বলে।

Abdur Rouf Sir

পাঠ পরিচিতিঃ

বিষয়ঃ এসি মেসিনস-১ (৬৬৭৬১)
৬ষ্ঠ পর্ব (ইলেকট্রিক্যাল)

দ্বিতীয় অধ্যায়

ই এম এফ সমীকরন ট্রান্সফরমেশন রেশিও এবং ট্রান্সফরমারের লসসমূহ

(Perceive the EMF Equation, Transformation Ratio and Losses of Transformer)

Abdur Rouf Sir

ট্রান্সফরমারের ই এম এফ সমীকরন

- ট্রান্সফরমারের ই এম এফ সমীকরন:
- ধরা যাক,
  $N1$ = ট্রান্সফরমারের প্রাইমারি ওয়াইন্ডিং এর পাকসংখ্যা
  $N2$ = সেকেন্ডারি ওয়াইন্ডিং এর পাকসংখ্যা
  $E1$ = প্রাইমারি ওয়াইন্ডিং এর আবিষ্ট তড়িচ্চালক বল
  $E2$ = সেকেন্ডারি ওয়াইন্ডিং এর আবিষ্ট তড়িচ্চালক বল
  Φm = উভয় ওয়াইন্ডিং এর সর্বোচ্চ ফ্লাক্স
  f = এসি সাপ্লাই এর কম্পাঙ্ক (ফ্রিকোয়েন্সি)
- এখন ট্রান্সফরমারের প্রাইমারিতে এসি সাপ্লাই দেয়ার ফলে প্রাপ্ত ম্যাগনেটিক ফ্লাক্স বনাম সময়ের
- লেখচিত্র বিবেচনা করা যাক।



transformer emf equation

চিত্রে X অক্ষ বরাবর সময় এবং Y অক্ষ বরাবর ম্যাগনেগটিক ফ্লাক্স প্লট করা হয়েছে। ধরা যাক

ট্রান্সফরমারের এসি ভোল্টেজের একটি পূর্ন সাইকেল সম্পন্ন হতে T পরিমান সময় লাগে। চিত্র

হতে দেখা যাচ্ছে যে ম্যাগনেটিক ফ্লাক্স শূন্য হতে সর্বোচ্চ মানে (Φm) পৌছতে সম্পূর্ন এসি

সাইকেলের একচতূর্থাংশ সময় লাগে। আমরা জানি, সময় এবং ফ্রিকোয়েন্সি একে অপরের

বিপরীত।

অর্থ্যাৎ,

$T = 1/f$

সুতরাং, ফ্লাক্সের গড় পরিবর্তনের হার= $d\Phi/dt = \Phi m / (T/4) = \Phi m / (1/4f)$

Abdur Rouf Sir

- আমরা জানি ট্রান্সফরমারের আবিষ্ট তড়িচ্চালক বল এর পাক সংখ্যা ফ্লাক্স পরিবর্তনের হারের
- উপরে নির্ভর করে। সুতরাং, প্রতি পাকে গড় তড়িচ্চালক বল = $4\ f\Phi m$
- ফ্লাক্স সাইনুসয়ডালি পরিবর্তন হলে আবিষ্ট তড়িচ্চালক বলের আর.এম.এস মান গড় তড়িচ্চালক বলকে ফর্ম ফ্যাক্টর দ্বারা গুণ করে পাওয়া যায়।
- যেখানে, ফর্ম ফ্যাক্টর = আর.এম.এস মান/গড় মান = 1.11
- অর্থ্যাৎ, প্রতি পাকে আর.এম.এস তড়িচ্চালক বল = $1.11 \times 4\ f\Phi m$
- সুতরাং প্রাইমারি ওয়াইন্ডিং এ আর.এম.এস তড়িচ্চালক বল = প্রতি পাকে আর.এম.এস তড়িচ্চালক বলmXপ্রাইমারি ওয়াইন্ডিং এ পাক সংখ্যা = $4.44N1f\Phi m$ অনুরূপভাবে, সেকেন্ডারি ওয়াইন্ডিং এ আর.এম.এস

ট্রান্সফরমারের রেশিওসমূহ



$$\frac{\text{The number of primary turns } N_P}{\text{The number of secondary turns } N_S} = \frac{\text{The primary voltage } V_P}{\text{The secondary voltage } V_S}$$

$$\frac{\text{The number of secondary turns } N_S}{\text{The number of primary turns } N_P} = \frac{\text{The primary current } I_P}{\text{The secondary current } I_S}$$

Abdur Rouf Sir

ধরা যাক, কোন ট্রান্সফরমারের প্রাইমারি ওয়াইন্ডিং এর পাকসংখ্যা N_1, আবিষ্ট তড়িচ্চালক বল E_1 এবং সেকেন্ডারি ওয়াইন্ডিং এর পাকসংখ্যা N_2 , আবিষ্ট তড়িচ্চালক বল E_2

ভোল্টেজ ট্রান্সফরমেশন রেশিওঃ

ট্রান্সফরমারের সেকেন্ডারি ওয়াইন্ডিং এবং প্রাইমারি ওয়াইন্ডিং এর পাক সংখ্যার অনুপাতকেই ভোল্টেজ ট্রান্সফরমেশন রেশিও বলে। ভোল্টেজ ট্রান্সফরমেশন রেশিও কে K দ্বারা প্রকাশ করা যায়।

তাহলে ভোল্টেজ ট্রান্সফরমেশন রেশিও,

$$K = N_2 / N_1$$

Abdur Rouf Sir

আমরা জানি ট্রান্সফরমারের ওয়াইন্ডিং এর তড়িচ্চালক বল ওয়াইন্ডিং এর পাক সংখ্যার সমানুপাতিক।

$E \propto N$

সুতরাং ভোল্টেজ ট্রান্সফরমেশন রেশিও কে লেখা যায়ঃ

$K = E_2 / E_1$

টার্ন রেশিওঃ

ট্রান্সফরমারের প্রাইমারি ওয়াইন্ডিং এবং সেকেন্ডারি ওয়াইন্ডিং এর পাক সংখ্যার অনুপাতকেই টার্ন রেশিও বলে।

টার্ন রেশিও কে n দ্বারা প্রকাশ করা যায়।

তাহলে টার্ন রেশিও,

$$n = N_1 / N_2 = E_1 / E_2$$

অর্থাৎ টার্ন রেশিও, ট্রান্সফরমেশন রেশিওর বিপরীত রাশি।

Abdur Rouf Sir

ভোল্টেজ ট্রান্সফরমেশন রেশিও এবং টার্ন রেশিওর সিগনিফিক্যান্সঃ

ভোল্টেজ ট্রান্সফরমেশন রেশিও এবং টার্ন রেশিও দ্বারা ট্রান্সফরমারের প্রকৃতি জানা যায়। অর্থাৎ ট্রান্সফরমার স্টেপ আপ নাকি স্টেপ ডাউন সেটা নির্ণয় করা যায়ঃ

যদি $K>1$ হয় অথবা $n<1$ হয় তাহলে ওই ট্রান্সফরমারকে স্টেপ আপ ট্রান্সফরমার বলে।

যদি $K<1$ হয় অথবা $n>1$ হয় তাহলে ওই ট্রান্সফরমারকে স্টেপ ডাউন ট্রান্সফরমার বলে।

কারেন্ট রেশিওঃ

ট্রান্সফরমারের সেকেন্ডারি ওয়াইন্ডিং এবং প্রাইমারি ওয়াইন্ডিং কারেন্টের অনুপাতকেই কারেন্ট রেশিও বলে। আমরা জানি ট্রান্সফরমারের কোন ওয়াইন্ডিং এর কারেন্ট ওই ওয়াইন্ডিং এর ভোল্টেজের ব্যস্তানুপাতিক। তাহলে কারেন্ট রেশিও কে নিম্নলিখিত ভাবে প্রকাশ করা যায়ঃ

$$I_s / I_p = E_1 / E_2$$

যেখানে,

I_p = প্রাইমারি ওয়াইন্ডিং এর তড়িৎ প্রবাহ

I_s = সেকেন্ডারি ওয়াইন্ডিং এর তড়িৎ প্রবাহ

Abdur Rouf Sir

ট্রান্সফরমারের লস-সমূহ

- আইরন বা কোর লস
- কপার বা রেজিস্ট্যান্স লস
- স্ট্রে লস
- ডাই ইলেক্ট্রিক লস

আইরন বা কপার লস আবার দুই প্রকার

ইডি কারেন্ট লস

ট্রানসফর্মের ব্যবহৃত ধাতব কোরে আবিষ্ট ফ্লাক্স একটি ভোল্টেজ উৎপন্ন করে। এই আবিষ্ট ভোল্টেজের দরুন কোরে যে কারেন্ট প্রবাহিত হয় তা একটি রেজিস্টিভ লস ঘটায়। কোরের রেজিস্ট্যান্স ও কারেন্ট অপরিবর্তনীয় থাকায় এই লস ট্রান্সফরমারের একটি অপরিবর্তনীয় লস।

হিস্টেরেসিস লস

এসি কারেন্ট প্রবাহের ফলে কোরে উৎপন্ন পরিবর্তনশীল চৌম্বক ক্ষেত্র প্রবাহিত কারেন্টের ফ্রিকুয়েন্সি অনুযায়ী সার্বক্ষণিক দিক পরিবর্তন করতে থাকে। ফলে কোরের কণাগুলোর মধ্যে এক ধরনের ভাইব্রেশনের উপস্থিতি ঘটে এবং কণা গুলোর মধ্যে ঘর্ষণের কারণে শক্তির অপচয় হয় যা তাপ শক্তি হিসেবে প্রকাশ পায়। হিস্টেরেসিস লসও ভোল্টেজ এবং ফ্রিকুয়েন্সির উপর নির্ভরশীল একটি ফাংশন। তাই এই লসকেও ট্রান্সফরমারের একটি অপরিবর্তনীয় লস হিসেবে ধরা হয়।

হিস্টেরেসিস লস P_h এবং এডি কারেন্ট লস P_e হলে মোট কোর লস $P_c = P_h + P_e$

(খ) কপার লস বা I^2R লস

ট্রান্সফর্মার উইন্ডিংয়ের ওহমিক রোধের কারণে এই লস ঘটে। I_1 ও I_2 যদি প্রাইমারি এবং সেকেন্ডারি কারেন্ট হয় এবং R_1 এবং R_2 যথাক্রমে প্রাইমারি এবং সেকেন্ডারি উইন্ডিংয়ের রোধ হয় তাহলে প্রাইমারি এবং সেকেন্ডারি উইন্ডিংয়ের লসগুলো যথাক্রমে $I_1^2R_1$ এবং $I_2^2R^2$ হবে। প্রাইমারি বা সেকেন্ডারি তে রূপান্তরিত সমতুল্য মোট রেজিস্ট্যান্স R_{0_1} বা R_{0_2} হলে মোট কপার লস $P_{C_u} = I_1^2R_{0_1} = I_2^2R_{0_2}$

(গ) স্ট্রে লস

ট্রান্সফর্মারে লিকেজ ফ্লাক্স দ্বারা কয়েল ও কোর ব্যতীত অন্যান্য কন্ডাক্টর, ট্যাঙ্ক ইত্যাদির এডি কারেন্ট লস স্ট্রে লস হিসাবে পরিচিত। আয়রন এবং কপার লসের তুলনায় এই লস খুব কম হওয়ায় সাধারণত এই লস অগ্রাহ্য করা হয়। তবে ট্রান্সফর্মার ডিজাইনের সময় এটি খেয়াল রাখা জরুরী।

ডাই-ইলেকট্রিক লস

ট্রান্সফরমারে ব্যবহৃত বিভিন্ন ডাইইলেকট্রিক পদার্থ যেমন ইনসুলেটিং অয়েল, কয়েলে ব্যবহৃত ইনসুলেটর ইত্যাদিতে দ্বারা উৎপন্ন লসগুলো হচ্ছে ডাই-ইলেকট্রিক লস। অন্যান্য লসের তুলনায় এই লসের মান খুবই কম হয়ে থাকে বলে সাধারণত অগ্রাহ্য করা হয়। ডাই-ইলেকট্রিক লসের ন্যায় ট্রান্সফর্মার ডিজাইনের সময় এই লস বিবেচনা করা উচিত।

Abdur Rouf Sir

CHAPTER-3
OPERATION OF TRANSFORMER ON NO-LOAD AND LOAD CONDITION

Abdur Rouf Sir

Chapter 3

NO LOAD operation of transformer: When the transformer is operating at no load, the secondary winding is open-circuited, which means there is no load on the secondary side of the transformer and, therefore, current in the secondary will be zero.

NO LOAD OPERATION OF TRANSFORMER



No load vector diagram:



- From the phasor diagram drawn above, the following conclusions are made:

Working component $I_w = I_0 \cos\varphi_0$

No load current $I_0 = \sqrt{I_w^2 + I_m^2}$

Magnetizing component $I_m = I_0 \sin\varphi_0$

Power factor $\cos\varphi_0 = \frac{I_w}{I_0}$

No load power input $P_0 = V_1 I_0 \cos\varphi_0$

Abdur Rouf Sir

No Load voltage

- It is the potential difference (Voltage) across the terminals (Phases) before any load is connected or plugged in.
- No load current:In simple words, when a transformer is not connected to any load but consumes some electric current then the amount of current consumed by the transformer is called No Load Current.

Abdur Rouf Sir

- A transformer is in no-load means the secondary winding of the transformer is open-circuited. So in the no-load condition, no current will flow in the secondary winding of the transformer. But if it is connected with a power supply then a small current will flow in the primary winding which is known as no-load current. Generally, the value of no-load current varies between 2% to 8% of the full load current of a transformer.

Abdur Rouf Sir

Operation of transformer on load condition

- When the load is connected to the secondary of the transformer, I2 current flows through their secondary winding. The secondary current induces the magnetomotive force N2I2 on the secondary winding of the transformer. This force set up the flux φ2 in the transformer core.

Operation of transformer on load condition

VECTOR DIAGRAM OF LOADED CONDITION



Phasor Diagram of Actual Transformer

CHAPTER - 4

Equivalent Circuit of Transformer, Magnetic Leakage and leakage Reactance ofTransformer

Abdur Rouf Sir

Equivalent Circuit of Transformer, Magnetic Leakage and leakage Reactantance of Transformer

- As in a practical transformer, the no-load current I0 is very small as compared to rated primary current, thus the drops in R1 and X1 due to the I0 can be neglected. Therefore, the parallel circuit R0 – Xm can be transferred to the input terminals. The figure shows the simplified equivalent circuit of the transformer.

Abdur Rouf Sir

Equivalent Circuit of Transformer

Abdur Rouf Sir



- The simplified equivalent circuit can be referred to primary side or secondary as discussed below (here, the assumed transformer is step-up transformer).

- simplified Equivalent Circuit Referred to primary Side
- This can be obtained by referring all the secondary side quantities to the primary side as shown in the figure. The values of secondary side quantities referred to primary side being given by,


I1
R1
X1
I'2=KI2
R'2
X'2
I0
Iw
Im
V1
R0
Xm
E1
V'2
Z'L

- simplified Equivalent Circuit Referred to Secondary side
- If all the primary side quantities are referred to secondary side, then we obtain the simplified equivalent circuit of transformer referred to secondary side as shown in the figure. The values of primary side quantities referred to secondary side being given by,

SIMPLIFIED EQUIVALENT CIRCUIT



Magnetic Leakage

- Magnetic leakage reduces the overall efficiency of the operation. In a transformer, for example, magnetic leakage occurs when some of the flux from the primary circuit does not link with the secondary circuit.... ...

What is the effect of magnetic leakage

- The leakage flux generates additional power losses [1], which can both influence the overall power loss level in the core and the local power loss, the latter with the risk of generating excessive heat close to the core surface, which can result in deterioration of the core insulation and degradation of the insulating .

Abdur Rouf Sir

How is magnetic leakage reduces from trnasformer

- The leakage flux can be practically eliminated by winding the primary and secondary, one over the other, uniformly around a laminated iron ring of uniform x-section

CHAPTER-5

Open Circuit Test, Short Circuit Test, And Voltage regulation

Open Circuit Test, Short Circuit Test And Voltage regulation

Open circuit test: The secondary of the transformer is left open-circuited. A wattmeter is connected to the primary. An ammeter is connected in series with the primary winding. A voltmeter is optional since the applied voltage is the same as the voltmeter reading. Rated voltage is applied at primary.

Open ckt Test of Transformer



Abdur Rouf Sir

$$P_{oc} = \frac{V_{oc}^2}{R_c}$$

power factor on open circuit is

$$\cos\theta = \frac{P_{oc}}{V_{oc} I_{oc}}$$

note that $I_{oc} = I_{ex}$

Current I_c *is in phase with applied voltage* V_{oc} *while* I_m *lags* V_{oc} *by* 90^0

$$I_c = I_{ex} \cos\theta$$

$$I_m = I_{ex} \sin\theta$$

$$I_{oc} = I_{ex} = \sqrt{I_c^2 + I_m^2}$$

Core loss resistance R_c *and magnetizing impedance* X_m *can be obtained as follows*:

$$R_{c(LV)} = \frac{V_{oc}}{I_c}$$

$$X_{m(LV)} = \frac{V_{oc}}{I_m}$$

Abdur Rouf Sir

- Short circuit test: To perform a transformer short-circuit test, the secondary is shorted, and the primary current is adjusted to the normal full-load level. The primary voltage and input power are measured.

Abdur Rouf Sir

Short ckt Test of Transformer



Abdur Rouf Sir

Since rated current is used for the test, the copper loss is equal to full load copper loss

$$P_{sc} = full\ load\ copper\ loss$$

$$P_{sc} = I_{sc}^2 R_{eq}$$

R_{eq} is then given by

$$R_{eq} = \frac{P_{sc}}{I_{sc}^2} \dots\dots\dots\dots\dots\dots [1]$$

from the equivalent circuit it can be seent that

$$Z_{eq} = \frac{V_{sc}}{I_{sc}}$$

$$Z_{eq} = \sqrt{R_{eq}^2 + X_{eq}^2}$$

using [1] R_{eq} can be found out

$$X_{eq} = \sqrt{Z_{eq}^2 - R_{eq}^2}$$

or

$$X_{eq} = |Z_{eq}| sin\theta_c$$

where,

$$\theta_c = \cos^{-1} \frac{P_{sc}}{V_{sc} I_{sc}}$$

Abdur Rouf Sir

Voltage regulation

- Voltage regulation is the measure of how well a power transformer can maintain constant secondary voltage given a constant primary voltage and wide variance in load current. The lower the percentage (closer to zero), the more stable the secondary voltage and the better the regulation it will provide

Abdur Rouf Sir

What is the Transformer's Voltage Regulation?

www.electricaltechnology.org



$$\text{Voltage Regulation} = \frac{E_{\text{No Load}} - V_{\text{Full Load}}}{V_{\text{Full Load}}}$$

$$\text{\% Voltage Regulation} = \frac{E_2 - V_2}{E_2} \times 100$$

Abdur Rouf Sir

পাঠ পরিচিতিঃ

বিষয়ঃ এসি মেসিনস-১ (৬৬৭৬১)

৬ষ্ঠ পর্ব

(ইলেকট্রিক্যাল)

৬ষ্ঠ **অধ্যায়**

ট্রান্সফরমারের দক্ষতা ও শীতলীকরন পদ্ধতি (Efficiency and cooling system of Transformer)

Abdur Rouf Sir

এ অধ্যায়ের পাঠ শেষে শিক্ষার্থীরা জানতে পারবেঃ

৬.১। ট্রান্সফরমারের দক্ষতা নির্ণয়ের গানিতিক সুত্রের ধারনা।
৬.২। ট্রান্সফরমারের কোর লস এবং কপার লসকে প্রভাবিত করে এমন বিবেচ্য বিষয়সমুহ ধারনা
৬.৩। সর্বোচ্চ দক্ষতার সমীকরন নির্ণয় করন।
৬.৪। পাওয়ার ফ্যাক্টরের সাথে দক্ষতার পরিবর্তন সম্পর্কিত ধারনা।
৬.৫।সারা দিনের দক্ষতা ও সারা দিনের দক্ষতার ফর্মুলা উল্লেখকরন।
৬.৬। দক্ষতা, সর্বোচ্চ দক্ষতা ও সারা দিনের দক্ষতার সমস্যার সমাধানের ধারনা।
৬.৭। ট্রান্সফরমারের শীতলীকরন বা কুলিং-এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করন।
৬.৮। ট্রান্সফরম্যারের শীতলীকরন পদ্ধতির বর্ণনা

৬.১। ট্রান্সফরমারের দক্ষতা নির্ণয়ের গানিতিক সুত্র

প্রতিক্ষেত্রে মেশিনে ইনপুট হিসাবে যে শক্তি দেওয়া হয় আউটপুট হিসাবে সে শক্তি পাওয়া যায় না। ইনপুটের তুলনায় আউটপুটে যতটুকু শক্তি কম পাওয়া যায়, তা-ই পাওয়ার লস। এ আউটপুট এবং ইনপুট পাওয়ারের অনুপাতকেই দক্ষতা **(Efficiency)** বলে। অন্যান্য মেশিনের চেয়ে ট্রান্সফরমারের দক্ষতা অনেকটা বেশি; এর পরিমাণ ৯৫% হতে ৯৯% পর্যন্ত হতে পারে। কারন এতে কেবল মাত্র কোর লস এবং কপার লস হয়। দক্ষতাকে গ্রিক অক্ষর ‘ইটা’ (η) স্বারা চিহ্নিত করা হয় এবং এটি শতকরা হারে প্রকাশ করা হয়ে থাকে।

$$\text{Efficiency}, \ \eta\% = \frac{\text{Output}}{\text{Input}} \times 100$$

$$= \frac{\text{Output}}{\text{Output} + \text{Losses}} \times 100$$

$$= \frac{VI\cos\theta \times 100}{VI\cos\theta + \text{Copper loss} + \text{Core loss}}$$

$$\text{Again, } \eta\% = \frac{\text{Input} - \text{Losses}}{\text{Input}} \times 100 = \left(1 - \frac{Losses}{Input}\right) \times 100$$

Abdur Rouf Sir

৬.২। ট্রান্সফরমারে কোর লস এবং কপার লসকে প্রভাবিত করে এমন বিবেচ্য বিষয়সমুহ (The factors affecting core loss and copper loss of the Transformer):

১। কোর লস (core loss): এটি হিসটেরেসিস ও এডি কারেন্ট লসের সমন্বয়ে গঠিত। এ লস নো-লোড অবস্থায় 1%-3% পরিবর্তন হয়। এটি বিভিন্ন বিষয় দ্বারা প্রভাবিত হয়। যেমন-

(ক) পাওয়ার ফ্যাক্টর (power factor): কোর লস পাওয়ার ফ্যাবক্টরের সাথে সমানুপাতিক অর্থাৎ কোর লস বাড়লে পাওয়ার ফ্যাক্টরের মান বেড়ে যায়।

কোর লস= $W_0 = V_0 I_0 \cos\theta_0$

$\therefore W_0 \propto \cos\theta_0$

Abdur Rouf Sir

(খ) ভোল্টেজ (Voltage): ভোল্টেজ পরিবর্তন করলে কোর লস পরিবর্তিত হয়। যেমন - $\text{Core loss} \propto V^2$

অর্থাৎ কোর লস ভোল্টেজের বর্গানুপাতিক পরিবর্তিত হয়।

(গ) ফ্রিকুয়েন্সি (Frequency): এর মান ফ্রিকুয়েন্সির উপর নির্ভর করে।ফ্রিকুয়েন্সি বৃদ্ধি পেলে লসও বৃদ্ধি পায়। এ ছাড়াও কোর লস কোরের আয়তনের ধরন ও পরিমানের উপর নির্ভর করে।

Abdur Rouf Sir

৬.২। ট্রান্সফরমারে কোর লস এবং কপার লসকে প্রভাবিত করে এমন বিবেচ্য বিষয়সমুহ (The factors affecting core loss and copper loss of the Transformer):

২। কপার লস (copper loss): এটি বিভিন্ন বিষয় দ্বারা প্রভাবিত হয়। যেমন-

(ক) পাওয়ার ফ্যাক্টর (power factor): কপার লস পাওয়ার ফ্যাবক্টরের সাথে উল্টানুপাতিক অর্থাৎ কপার লস বাড়লে পাওয়ার ফ্যাক্টরের মান কমে যায়।

কপার লস= $\text{Copper loss} \propto \frac{1}{\cos\theta}$

Abdur Rouf Sir

(খ) ভোল্টেজ (Voltage): ভোল্টেজ পরিবর্তন করলে কপার লস পরিবর্তিত হয়। যেমন- $\text{Copper loss} \propto V^2$ অর্থাৎ constant KVA পাওয়ার জন্য ভোল্টেজ বৃদ্ধি করলে কপার লস কমবে।

(গ) ফ্রিকুয়েন্সি (Frequency): ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমারের ফ্রিকুয়েন্সির উপর কপার লস নির্ভর করে না।

(ঘ) লোড (Load): লোডের উপর কপার লস নির্ভরশীল। লোড বাড়লে কপার লস বাড়ে আবার লোড কমলে কপার লস কমে।

৬.৩। ট্রান্সফরমারের সর্বোচ্চ দক্ষতা নির্ণয়ের সমীকরন
The Equation for maximum efficiency of the Transformer):

সর্বোচ্চ কর্মদক্ষতার শর্ত(Condition for Maximum efficiency):

$$\text{Copper loss, } W_{cu} = I_p^{\,2} R_e^{\prime} \text{ or } I_s^{\,2} R_e^{\prime\prime} \; watt$$

$$\text{Core loss, } W_{core} = \text{Hysterisis} + \text{Eddy current loss} = W_h + W_e$$

$$\text{Primary Input} = V_p I_p \cos\theta_p$$

$$\text{Efficiency}, \eta = \frac{Input - Losses}{Input} = \frac{V_p I_p \cos\theta_p - losses}{V_p I_p \cos\theta_p}$$

$$\Rightarrow \eta = \frac{V_p I_p \cos\theta_p - I_p^{\,2} R_e^{\prime} - W_{core}}{V_p I_p \cos\theta_p}$$

$$= 1 - \frac{I_p^{\,2} R_e^{\prime}}{V_p I_p \cos\theta_p} - \frac{W_{core}}{V_p I_p \cos\theta_p} = 1 - \frac{I_p R_e^{\prime}}{V_p \cos\theta_p} - \frac{W_{core}}{V_p I_p \cos\theta_p}$$

Abdur Rouf Sir

৬.৩। ট্রান্সফরমারের সর্বোচ্চ দক্ষতা নির্ণয়ের সমীকরন

সর্বোচ্চ কর্মদক্ষতার শর্ত(Condition for Maximum efficiency):

$$\eta = 1 - \frac{I_p R_e'}{V_p \cos\theta_p} - \frac{W_{core}}{V_p I_p \cos\theta_p}$$

Differenti ating both sides with reference to I_p,

$$\frac{d\eta}{dI_p} = 0 - \frac{R_e'}{V_p \cos\theta_p} + \frac{W_{core}}{V_p I_p^{\,2} \cos\theta_p}$$

For maximum efficiency $\frac{d\eta}{dI_p} = 0$

$$\therefore \frac{-R_e'}{V_p \cos\theta_p} + \frac{W_{core}}{V_p I_p^{\,2} \cos\theta_p} = 0$$

$$\Rightarrow \frac{R_e'}{V_p \cos\theta_p} = \frac{W_{core}}{V_p I_p^{\,2} \cos\theta_p}$$

$$\Rightarrow R_e' = \frac{W_{core}}{I_p^{\,2}}$$

$$\Rightarrow I_p^{\,2} R_e' = W_{core}$$

$\therefore$ For maximum efficiency , Copper loss = Core loss

৬.৩। ট্রান্সফরমারের সর্বোচ্চ দক্ষতা নির্ণয়ের সমীকরন The Equation for maximum efficiency of the Transformer):

সর্বোচ্চ কর্মদক্ষতার KVA Load(KVA load at maximum efficiency):

We know that for maximum efficiency of transformer , copper loss is equal to core loss

$$I_p^{\,2} R_e^{\,\prime} = W_{core}$$

i s current in maximum efficiency I_p

$$I_p = \sqrt{\frac{W_{core}}{R_e^{\,\prime}}}$$

Abdur Rouf Sir

$$I_s^2 R_e'' = W_{core}$$

$$I_s = \sqrt{\frac{W_{core}}{R_e''}}$$

Now both sides multiply by $\frac{V_s}{1000}$

$$\frac{I_s \times V_s}{1000} = \frac{V_s}{1000} \times \sqrt{\frac{W_{core}}{R_e''}}$$

$$\frac{I_s \times V_s}{1000} = \frac{V_s \times I_{FL}}{1000 \times I_{FL}} \times \sqrt{\frac{W_{core}}{R_e''}}$$

$$= \frac{V_s \times I_{FL}}{1000} \times \sqrt{\frac{W_{core}}{I_{FL}^2 R_e''}}$$

৬.৩। ট্রান্সফরমারের সর্বোচ্চ দক্ষতা নির্ণয়ের সমীকরন The Equation for maximum efficiency of the Transformer):

$$\frac{I_s \times V_s}{1000} = \frac{V_s \times I_{FL}}{1000 \times I_{FL}} \times \sqrt{\frac{W_{core}}{R_e''}} = \frac{V_s \times I_{FL}}{1000} \times \sqrt{\frac{W_{core}}{I_{FL}^2 R_e''}}$$

$$KVA_{Max} = KVA_{rated} \times \sqrt{\frac{W_{core}}{I_{FL}^2 R_e''}}$$

$$KVA_{Max} = KVA_{rated} \times \sqrt{\frac{W_{core}}{\text{Full load cu loss}}} \quad ------(2)$$

Where

$$KVA_{Max} = \frac{I_s \times V_s}{1000}$$

$$KVA_{rated} = \frac{V_s \times I_{FL}}{1000}$$

Abdur Rouf Sir

৬.৪।পাওয়ার ফ্যাক্টরের সাথে দক্ষতার পরিবর্তন (The variation of efficiency with power factor):

একটি ট্রান্সফরমারের শতকরা দক্ষতা

$$\eta = \frac{\text{Output}}{\text{Input}} = \frac{Input - losses}{Input} = (1 - \frac{Losses}{Input})$$

$$\Rightarrow \eta = (1 - \frac{Losses}{V_s I_s \cos\theta + Losses})$$

$$\Rightarrow \eta = (1 - \frac{Losses / V_s I_s}{\cos\theta + Losses / V_s I_s})^{\eta}$$

$$\text{Let X} = \frac{\text{Losses}}{V_s I_s}$$

$$\eta = (1 - \frac{X}{\cos\theta + X})$$



পাওয়ার ফ্যাক্টর পরিবর্তনের সাথে সাথে দক্ষতার যে পরিবর্তন হয় তার একটি চিত্র উপরে দেওয়া হয়েছে।এতে দেখা যায় যে, বিভিন্ন লোডে বিভিন্ন পাওয়ার ফ্যাক্টরে দক্ষতাও ভিন্ন হয়।

৬.৫। সারা দিনের দক্ষতা ও সারা দিনের দক্ষতার ফর্মুলা উল্লেখকরন (All day efficiency and mention the formula of all day efficiency):

কোন ট্রান্সফরমারহতেসারাদিন (24 ঘন্টার)
গ্রাহকদেরগৃহিতএনার্জিরসাথেসারাদিনেরট্রান্সফরমারেরইনপুটএনার্জির
নেরদক্ষতাবলে।
ডিস্ট্রিবিউশনট্রান্সফরমারেরপ্রাইমারিসাইডসরবরাহলাইনেরসাথেসর্বদাস
সাইডে ২৪ ঘন্টাপুর্ণভোল্টেযট্রান্সফরমারটিএনারজাইজডথাকে।
ফলেএরকোরলসসর্বদাইসমানথাকে।
শুধুমাত্রকোনোকোনোসময়এইলাইনেরভোল্টেজহ্রাস-বৃদ্ধিহলেতখনইকে
বেশিহতেপারে। তবে, এইধরনেরহ্রা-বৃদ্ধিখুবকমইঘটে।
এজন্যকোরলসসর্বদাইসমানধরাহয়।
কিন্তুসেকেন্ডারিসরাসরিগ্রাহকেরলোডেরসাথেসংযুক্তথাকায়এরকপারলস
(I^2R)গ্র য়। যেহেতুলোড ২৪ ঘ
সেহেতু $$\text{All day efficiency, } \eta_{\text{all day}} = \frac{\text{output in kWh}}{\text{input in kWh}} \quad \text{(for 24 hours)}$$
কাজেই রকর্মদক্ষতানির্ণয়কর
এরপ্রকৃতদক্ষতাবেরকরতেহলেসারাদিনেদক্ষতাবেরকরাইশ্রেয়। এটিসার
গ্রাহকেরগৃহীতএনার্জিরসাথেসারাদিনেরট্রান্সফরমারেরলাইনহতেগৃহীতএ

Abdur Rouf Sir

৬.৬। দক্ষতা, সর্বোচ্চ দক্ষতা ও সারা দিনের দক্ষতার সমস্যার সমাধান

সুত্রসমুহঃ

$$\text{Efficiency}\ ,\ \eta\% = \frac{\text{Output}}{\text{Input}} \times 100$$

$$= \frac{\text{Output}}{\text{Output} + \text{Losses}} \times 100$$

$$= \frac{VI\cos\theta \times 100}{VI\cos\theta + \text{Copper loss} + \text{Core loss}}$$

$$\text{Again,}\ \eta\% = \frac{\text{Input - Losses}}{\text{Input}} \times 100 = (1 - \frac{Losses}{Input}) \times 100$$

$$KVA_{Max} = KVA_{rated} \times \sqrt{\frac{W_{\text{core}}}{\text{Full load cu loss}}}$$

$$I_p{}^2 R_e{}' = W_{core}$$

$\therefore$ For maximum efficiency , Copper loss = Core loss

$$\text{All day efficiency, } \eta_{\text{all day}} = \frac{\text{output in kWh}}{\text{input in kWh}} \quad \text{(for 24 hours)}$$

৬.৬। দক্ষতা, সর্বোচ্চ দক্ষতা ও সারা দিনের দক্ষতার সমস্যার সমাধান

প্রশ্ন-১: একটি **50KVA, 4600/230 V** ট্রান্সফরমারের ওপেন এবং শর্টসার্কিট টেস্ট করে নিচে লিখিত পাওয়া গেলঃ

ওপেন সার্কিট টেস্টঃ $E_{oc} = 230\ \text{V}, \text{P}_{\text{oc}} = 285\ \text{W}, \text{I}_{\text{oc}} = 4.2A$

শর্ট সার্কিট টেস্টঃ $E_{sc} = 150\ \text{V}, \text{P}_{\text{sc}} = 615\ \text{W}, \text{I}_{\text{sc}} = 10A$

বের করঃ

(ক) রেটেড **KVA, 0.8** পাওয়ার ফ্যাক্টরে কর্মদক্ষতা

(খ) সর্বোচ্চ কর্মদক্ষতার জন্য **KVA**

(গ) **0.8** পাওয়ার ফ্যাক্টরে সর্বোচ্চ দক্ষতা

সমাধানঃ

(ক) রেটেড **KVA, 0.8** পাওয়ার ফ্যাক্টরে ট্রান্সফরমারের আউটপুট, $P_{out} = 50 \times 0.8 = 40kw$

ট্রান্সফরমারের কোর লস, $P_{oc} = 285\ \text{W}$

ট্রান্সফরমারের ফুল লোড কপার লস, $P_{sc} = 615\text{W}$

ফুল লোড কারেন্ট, $I_{sc} = I_{FL} = 10A$

মোট লস=**285+615=900w=0.9kw**

ট্রান্সফরমারের ইনপুট $P_{in} = (40 + 0.9) = 40.9kw$

কর্মদক্ষতা, $\%\eta = \frac{P_{out}}{P_{in}} \times 100 = \frac{40 \times 100}{40.9} = 97.80\%$

Abdur Rouf Sir

৬.৬। দক্ষতা, সর্বোচ্চ দক্ষতা ও সারা দিনের দক্ষতার সমস্যার সমাধান (Solve problems on efficiency, maximum efficiency and all day efficiency):

প্রশ্ন-১: একটি **50KVA, 4600/230 V** ট্রান্সফরমারের ওপেন এবং শর্টসার্কিট টেস্ট করে নিচে লিখিত পাওয়া গেলঃ

ওপেন সার্কিট টেস্টঃ $E_{oc} = 230\ \text{V}, \text{P}_{\text{oc}} = 285\ \text{W}, \text{I}_{\text{oc}} = 4.2A$

শর্ট সার্কিট টেস্টঃ $E_{sc} = 150\ \text{V}, \text{P}_{\text{sc}} = 615\ \text{W}, \text{I}_{\text{sc}} = 10A$

বের করঃ

(ক) রেটেড **KVA, 0.8** পাওয়ার ফ্যাক্টরে কর্মদক্ষতা

(খ) সর্বোচ্চ কর্মদক্ষতার জন্য **KVA**

(গ) **0.8** পাওয়ার ফ্যাক্টরে সর্বোচ্চ দক্ষতা

সমাধানঃ

(খ) সর্বোচ্চ দক্ষতায়,

$$KVA_{Max} = KVA_{rated} \times \sqrt{\frac{W_{\text{core}}}{\text{Full load cu loss}}}$$

$$= 50 \times \sqrt{\frac{285}{615}} = 34.04\text{KVA}$$

(গ) সর্বোচ্চ দক্ষতায় 0.8 পাওয়ার ফ্যাক্টরে ট্রান্সফরমারের আউটপুট,

$$P_{out} = 34.04 \times 0.8 = 27.23kw$$

আবার সর্বোচ্চ দক্ষতায় কোর লস =কপার লস

মোট লস=285+285=570W=0.57KW

মোট ইনপুট পাওয়ার

$$P_{in} = (27.23 + 0.57) = 27.80kw$$

দক্ষতা

$$\%\eta = \frac{P_{out}}{P_{in}} \times 100 = \frac{27.23 \times 100}{27.80} = 97.95\%$$

Abdur Rouf Sir

৬.৬। দক্ষতা, সর্বোচ্চ দক্ষতা ও সারা দিনের দক্ষতার সমস্যার সমাধান (Solve problems on efficiency, maximum efficiency and all day efficiency):

পশ্ন-২: একটি 5KVA, 2300/230V ট্রান্সফরমারের কোর লস 40W এবং ফুল লোড কপার লস 112W। এটি 24 ঘন্টা নিম্নলিখিত লোড বহন করেঃ
(ক) 1.5 গুন লোডে 0.8 পাওয়ার ফ্যাক্টরে 1 ঘন্টা
(খ) 1.25 গুন লোডে 0.8 পাওয়ার ফ্যাক্টরে 2 ঘন্টা
(গ) রেটেট লোডে 0.90 পাওয়ার ফ্যাক্টরে 3 ঘন্টা
(ঘ) অর্ধ লোডে এক্কক পাওয়ার ফ্যাক্টরে 6 ঘন্টা
(ঙ) $\frac{1}{4}$ -লোডে এক্কক পাওয়ার ফ্যাক্টরে 8 ঘন্টা
(চ) নো-লোডে 4 ঘন্টা
ট্রান্সফরমারটির সারা দিনের দক্ষতা নির্ণয় কর।

সমাধানঃ

$$\text{Output energy for 24 hrs.} = (1.5\times5\times0.8\times1)+(1.25\times5\times0.8\times2)+(1\times5\times0.9\times3)+(0.5\times5\times1\times6)+(0.25\times5\times1\times8)$$
$$= 6+10+13.5+15+10$$
$$= 54.5\ \text{kwh}$$

$$\text{Core loss for 24 hrs.} = 40\times24 = 960\ \text{whr} = 0.96\ \text{kwh}$$

Abdur Rouf Sir

পশ্ন-২:প্রশ্ন-৬। একটি 5KVA, 2300/230V ট্রান্সফরমারের কোর লস 40W এবং ফুল লোড কপার লস 112W। এটি 24 ঘন্টা নিম্নলিখিত লোড বহন করেঃ
(ক) 1.5 গুন লোডে 0.8 পাওয়ার ফ্যাক্টরে 1 ঘন্টা
(খ) 1.25 গুন লোডে 0.8 পাওয়ার ফ্যাক্টরে 2 ঘন্টা
(গ) রেটেট লোডে 0.90 পাওয়ার ফ্যাক্টরে 3 ঘন্টা
(ঘ) অর্ধ লোডে একক পাওয়ার ফ্যাক্টরে 6 ঘন্টা
(ঙ) $\frac{1}{4}$-লোডে একক পাওয়ার ফ্যাক্টরে 8 ঘন্টা
(চ) নো-লোডে 4 ঘন্টা
ট্রান্সফরমারটির সারা দিনের দক্ষতা নির্ণয় কর।

সমাধানঃ

$$\begin{aligned}\text{Copper loss for 24 hrs.} &= \left((1.5)^2 \times 0.112 \times 1\right) + \left((1.25)^2 \times 0.112 \times 2\right) + \left((1)^2 \times 0.112 \times 3\right) + \left((0.5)^2 \times 0.112 \times 6\right) + \left((0.25)^2 \times 0.112 \times 8\right) \\ &= 0.252 + 0.350 + 0.336 + 0.168 + 0.056 \\ &= 1.162 \text{ kwh}\end{aligned}$$

Input energy for 24 hrs.=Output energy for 24 hrs.+losses for 24 hrs=54.5+0,96+1.162=56.622 kwh

All day Efficiency

$$\eta_{All\,\text{Day}} = \frac{\text{Output energy for 24 hrs.}}{\text{Input energy for 24 hrs.}} \times 100 = \frac{54.5}{56.622} \times 100 = 96.25\%$$

Abdur Rouf Sir

৬.৭। ট্রান্সফরমারের শীতলীকরণ বা কুলিং-এর প্রয়োজনীয়তা (Explain the necessity of cooling system of transformer):

যেকোনো বৈদ্যুতিক মেশিন চলার সময় এর বিভিন্ন প্রকার লস উত্তাপ আকারে প্রকাশ পেতে থাকে। এ লসগুলো হচ্ছে ওয়াইন্ডিং-এ কপার লস, ফ্রিকশন লস ও বিভিন্ন ধরনের যান্ত্রিক অংশে ঘর্ষনজনিত লস ইত্যাদি। এ লসজনিত উত্তাপ স্বাভাবিক তাপমাত্রায় না থাকলে উল্লেখিত মেশিনের কর্মদক্ষতা কমে যায় এবং কালক্রমে প্রভূত ক্ষতি হতে পারে। ট্রান্সফরমারের ক্ষেত্রেও এ উত্তাপকে যথাযথভাবে প্রতিহত করে স্বাভাবিক মাত্রায় সীমাবদ্ধ রাখা আবশ্যক। এজন্য বিভিন্ন পদ্ধতিতে ট্রান্সফরমার শীতলীকরণ করা হয়। এতে ট্রান্সফরমারের কর্মদক্ষতা বৃদ্ধি পায় এবং স্বাভাবিকভাবে কার্যক্রম করতে পারে।

Abdur Rouf Sir

৬.৮। ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতির বর্ণনা (Describe the methods of cooling system of the transformer):

নিম্নে ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতিসমূহের বর্ণনা দেয়া হলোঃ

১। স্বাভাবিক বা ন্যাচারাল কুলিং (Natural cooling):

ছোট ছোট ট্রান্সফরমার এবং ইন্ট্রুমেন্ট ট্রান্সফরমারের মধ্যে সৃষ্ট উত্তাপ পরিবহন প্রণালিতে সর্বত্র ছড়িইয়ে পড়ে এবং বিকিরণ পদ্ধতিতে স্বাভাবিকভাবে ঠান্ডা হয়ে যায়। এ পদ্ধতি সাধারণত কম kVA রেটিং-এর ট্রান্সফরমার ঠান্ডা করার জন্য ব্যবহার করা হয়।। যে উত্তাপ ট্রান্সফরমারের বডিতে আসে, তা পরবর্তীতে বাতাসের সংস্পর্শে এসে ঠান্ডা হয়।



Fig. 3.3 *Natural cooling in transformers*

Abdur Rouf Sir

৬.৮। ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতির বর্ণনা (Describe the methods of cooling system of the transformer):

নিম্নে ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতিসমূহের বর্ণনা দেয়া হলোঃ

২। উচ্চ চাপযুক্ত বাতাস দ্বারা কুলিং (Forced air cooling):

এ পদ্ধতিতে ট্রান্সফরমারের নিচের দিক দিয়ে ফিল্টার করা ঠান্ডা বাতাস ব্লোয়ার দ্বারা প্রবেশ করানো হয়। ফলে এ ঠান্ডা বাতাস কোর এবং কয়েলের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে উপরের দিক দিয়ে বের হয়ে যায় এবং যাওয়ার সময় কোর এবং কয়েলের উত্তাপ বহন করে ট্রান্সফরমারকে ঠান্ডা করে থাকে। ঘনবসতিপূর্ণ এলাকায় যেখানে তৈল ব্যবহারে বিস্ফোরণ ঘটে দূর্ঘটনার সম্ভাবনা থাকে সেখানে এ ব্যবস্থা গ্রহণ করা হয়। এই পদ্ধতি ব্যয়বহুল এবং জটিল বলে সাধারণত ব্যবহৃত হয়না।



Abdur Rouf Sir

৬.৮। ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতির বর্ণনা (Describe the methods of cooling system of the transformer):

নিম্নে ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতিসমূহলোঃ

৩। তৈলে নিমজ্জিত সেলফ কুলিং (Oil immersed self cooling):

এ পদ্ধতিতে ট্রান্সফরমারের কোর এবং কয়েল সম্পূর্ণটাই ইনসুলেটিং অয়েল-এ নিমজ্জিত থাকে। এরুপ ট্রান্সফরমারের ট্যাংকের বাইরের দিক দিয়ে কতকগুলো লোহার টিউব বা পাইপ লাগানো থাকে। এ পাইপগুলো সবসময় ট্রান্সফরমার অয়েল দ্বারা পরিপূর্ণ থাকে। পূর্ণ লোডে ট্রান্সফরমার কোর এবং কয়েল যখন গরম হয় তখন তৈল গরম হয়ে হালকা হয় এবং উপরে উঠে। এ গরম হালকা তৈল পাইপের ভিতরে ঢুকে এবং পাইপের ঠান্ডা ভারী তৈল ট্রান্সফরমারের ট্যাংকে প্রবেশ করে। এরপর পাইপের গরম তৈল বাতাসের সংস্পর্শে ঠান্ডা হয়ে নিচের দিকে যায়। যার ফলে ট্রান্সফরমার



Abdur Rouf Sir

৬.৮। ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতির বর্ণনা (Describe the methods of cooling system of the transformer):

নিম্নে ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতিসমূহের বর্ণনা দেয়া হলোঃ

৪। তৈলে নিমজ্জিত চাপযুক্ত ওয়াটার কুলিং (Oil immersed forced water cooling):



এ ব্যবস্থায় কোর এবং কয়েলে তৈলে নিমজ্জিত থাকে এবং ট্রান্সফরমারের উপরে গরম তৈলের মধ্যে একটি তামার নলের (Copper tube) কয়েল বসানো থাকে। বাহির হতে এ নলের মধ্য দিয়ে ঠান্ডা পানি উচ্চচাপে প্রবাহিত করানো হয়। যখন ঠান্ডা পানি নলের মধ্য দিয়ে প্রবাহিত হয় তখন নল ঠান্ডা হয়। ফলে এ নলের চারদিকের গরম তৈল ঠান্ডা হয়ে নিচে যায় এবং নিচের গরম তৈল উপরে উঠে আসে। ফলে ট্রান্সফরমার ঠান্ডা হয়ে যায়। এর সবচেয়ে বড় অসুবিধা হলো কোনোপ্রকার যদি তামার নল ছিদ্র হয়ে যায় তবে ট্রান্সফরমারের সম্পূর্ণ

Abdur Rouf Sir

৬.৮। ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতির বর্ণনা (Describe the methods of cooling system of the transformer).

নিম্নে ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতিসমূহের বর্ণনা দেয়া হলোঃ

৫। তৈলে নিমজ্জিত চাপযুক্ত বাতাস দ্বারা কুলিং (Oil immersed forced air cooling):

এরুপ ট্রান্সফরমারের বডিতে ফিনস (Fins) ব্যবহার করে সারফেস এরিয়া বর্ধিত করা হয়। এ ফিনসসমূহ গরম তৈলে ভর্তি থাকে এবং বাহির হতে অতি উচ্চচাপে ঠান্ডা বাতাস এই ফিনস টিউব অথবা রেডিয়েটরের (Fins tubes or radiator) উপরে দেওয়া হয়। এ কাজের জন্য সাধারণত বাইরে ট্রান্সফরমারের চারদিকে বহু বৈদ্যুতিক ফ্যান ব্যবহার করা



Oil Natural Air Forced (ONAF)
Cooling of Transformer

৬.৮। ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতির বর্ণনা (Describe the methods of cooling system of the transformer):

নিম্নে ট্রান্সফরমারের শীতলীকরণ পদ্ধতিসমূহের বর্ণনা দেয়া হলোঃ

৬। অয়েল ফোর্সড ওয়াটার ফোর্সড পদ্ধতি (Oil forced water forced or OFWF):

এ পদ্ধতিতে ট্রান্সফরমারে পাম্পের মাধ্যমে তেলকে সার্কুলেশন করা হয় এবং ট্রান্সফরমারের গাত্রে কিছু কুলিং পাইপ থাকে, যেখানে এই তেল প্রবেশ করে এবং বাহির থেকে পানির প্রবাহ করে পাইপের ভিতরে প্রবাহিত গরম তেলকে ঠান্ডা করে পুনরায় ট্রান্সফরমার ট্যাংকে প্রবেশ করানো হয়।



৬.৯। ট্রান্সফরমারের তৈল এবং এর গুনাবলি বর্ণনা (Describe the Transformer oil and its properties):

ট্রান্সফরমার তৈল (Transformer oil): ট্রান্সফরমারকে ঠান্ডা রাখার জন্য এর মধ্যে যে তৈল ব্যবহার করা হয়, তাকেই ট্রান্সফরমার তৈল বা অয়েল বলে।এটি মুলত খনিজ তৈল। খনিজ তৈলকে ট্রিটমেন্ট করে ব্যবহার উপযোগী করা হয়।এই তৈলের বানিজ্যিক নাম পাইরানল। এর প্রধান কাজ হচ্ছে ট্রান্সফরমারের কোর এবং কয়েলকে ঠান্ডা রাখা। এর আর একটি কাজ হোল ট্রান্সফরমারের কয়েল এবং ট্যাংকের মধ্যে ইনসুলেশন বৃদ্ধি করা।

ট্রান্সফরমার তৈলের নিম্নলিখিত ধর্ম বা গুনাগুন থাকা প্রয়োজনঃ

১। অতি উচ্চমানের রোধকসম্পন্ন হতে হবে।
২। উচ্চ ডাই-ইলেকট্রিক শক্তিসম্পন্ন হতে হবে।
৩। এর মধ্যে কোনোপ্রকার খাদ (Sludge) থাকবে না।
৪। কোনো তলানি থাকবে না।
৫। কম আঠালো হতে হবে।
৬। সহজে বাস্প হবে না।
৭।জলীয়বাস্পমুক্ত হতে হবে।
৮। অদাহ্য হতে হবে।
৯। কোনোরকম ভাসমান পদার্থ থাকতে পারবে না।
১০।অম্ল, ক্ষার ও সালফার জাতীয় পদার্থ হতে মুক্ত হতে হবে।
১১।তৈলের আপেক্ষিক গুরুত্ব (0.85) হওয়া উচিত।
১২।তৈলের ভিসকোসিটি ও জমে যাওয়ার প্রবনতা কম থাকবে।

Abdur Rouf Sir

মূল্যায়ন (Evaluation):

প্রশ্ন-১: ট্রান্সফরমার তৈলের কাজ কী?

উত্তরঃ ট্রান্সফরমার তৈলের প্রধান কাজ হচ্ছে ট্রান্সফরমারের কোর এবং কয়েলকে ঠান্ডা রাখা। এর আর একটি কাজ হোল ট্রান্সফরমারের কয়েল এবং ট্যাংকের মধ্যে ইনসুলেশন বৃদ্ধি করা।

প্রশ্ন-২: ট্রান্সফরমারের তেলের স্লাজিং কী?

উত্তরঃ ট্রান্সফরমারের তেল বাতাসের সংস্পর্শে এলে অক্সিজেনের সাথে বিক্রিয়া করে তেলের অনু ভেঙে গাদ বা (Sludge) সৃস্টি হয়, তাকে স্লাজিং বলে।

প্রশ্ন-৩: ট্রান্সফরমারের সারাদিনের দক্ষতা বলতে কী বুঝায়?

উত্তরঃকোন ট্রান্সফরমার হতে সারা দিন (24 ঘন্টার) গ্রাহকদের গৃহিত এনার্জির সাথে সারা দিনের ট্রান্সফরমারের ইনপুট এনার্জির

$$\text{All day efficiency, } \eta_{\text{all day}} = \frac{\text{output in kWh}}{\text{input in kWh}} \quad \text{(for 24 hours)}$$

বাড়ির কাজ (Home Work):

প্রশ্ন-১। দেখাও যে, সর্বোচ্চ দক্ষতায় ট্রান্সফরমারের কোরলস ও কপারলস সমান হবে।

প্রশ্ন-২। ট্রান্সফরমারে, তৈলে নিমজ্জিত সেলফ কুলিং **(ONAN)** পদ্ধতির বর্ণনা দাও।

প্রশ্ন-৩। ট্রান্সফরমারে, তৈলে নিমজ্জিত চাপযুক্ত ওয়াটার কুলিং **(ONFW)** পদ্ধতির বর্ণনা দাও।

প্রশ্ন-৪। ট্রান্সফরমার তৈলের কাজ ও গুনাবলিসমুহ লিখ।

প্রশ্ন-৫। একটি **20KVA, 2200/220 V, 50Hz** ট্রান্সফরমার টেস্ট করে নিম্নলিখিত তথ্যগুলো পাওয়া গেলঃ

ওপেন সার্কিট টেস্টঃ $E_{oc} = 220\,\text{V}, \text{P}_{oc} = 148\,\text{W}, \text{I}_{oc} = 4.2A$

শর্ট সার্কিট টেস্টঃ $E_{sc} = 86\,\text{V}, \text{P}_{sc} = 360\,\text{W}, \text{I}_{sc} = 10.87A$

এমতাবস্থায় নির্ণয় কর **0.8** ল্যাগিং পাওয়ার ফ্যাক্টরে (ক) ফুল লোডে এবং (খ) হাফ লোডে ট্রান্সফরমারের দক্ষতা নির্ণয় কর?

Abdur Rouf Sir

প্রশ্ন-৬। একটি 5KVA ট্রান্সফরমারের কোর লস 50W এবং ফুল লোড কপার লস 125W। এটি 24 ঘন্টা নিম্নলিখিত লোড বহন করেঃ

(ক) 7.5 KVA লোডে 0.85 পাওয়ার ফ্যাক্টরে 2 ঘন্টা

(খ) রেটেট লোডে 0.90 পাওয়ার ফ্যাক্টরে 5 ঘন্টা

(গ) 4 KVA লোডে 0.95 পাওয়ার ফ্যাক্টরে 6 ঘন্টা

(ঘ) 2.5 KVA লোডে একক পাওয়ার ফ্যাক্টরে 7 ঘন্টা

(ঙ) নো-লোডে 4 ঘন্টা

ট্রান্সফরমারটির সারা দিনের দক্ষতা নির্ণয় কর।

সবাইকে ধন্যবাদ

Abdur Rouf Sir

পাঠ পরিচিতিঃ

বিষয়ঃ এসি মেসিনস-১ (৬৬৭৬১)

৬ষ্ঠ পর্ব (ইলেকট্রিক্যাল)

সপ্তম **অধ্যায়**

থ্রি-ফেজ ট্রান্সফরমারের গঠন ও পরিচালনার মুলনীতি (Construction and Principles of Operation of Three Phase Transformer)

Abdur Rouf Sir

এ অধ্যায়ের পাঠ শেষে শিক্ষার্থীরা জানতে পারবেঃ

৭.১। তিন ফেজ ট্রান্সফরমারের গঠন বর্ননা করন।

৭.২। তিন ফেজ ট্রান্সফরমারের সংযোগের বিভিন্ন পদ্ধতির তালিকা এবং তাদের ব্যবহারের ধারনা।

৭.৩। স্টার-স্টার, ডেল্টা-ডেল্টা, স্টার-ডেল্টা, ডেল্টা-স্টার সংযোগ পদ্ধতির বর্ননা করন।

৭.৪। ওপেন ডেল্টা বা ভি-ভি(V-V) সংযোগ পদ্ধতির বর্ননা করন।

৭.৫। স্কট বা টি-টি (T-T) সংযোগ পদ্ধতির বর্ননা করন।

৭.৬। V-V এবং T-T সংযোগের প্রয়োগের ব্যাখ্যা করন।

৭.৭। তিন ফেজ হতে দুই ফেজ এবং ভাইস ভার্সা সংযোগ পদ্ধতি অংকন করন।

৭.১ তিন ফেজ ট্রান্সফরমারের গঠন বর্ননা

থ্রি-ফেজ ট্রান্সফরমারের গঠন মূলত দুভাবে করা যেতে পারে। প্রথমত, একটি থ্রি-ফেজ কোরের মধ্যে নিয়ম অনুযায়ী থ্রি-ফেজ ওয়াইন্ডিং করে থ্রি-ফেজ ট্রান্সফরমার গঠন করা হয়। দ্বিতীয়ত, আলাদা আলাদা তিনটি সিঙ্গেল ফেজ একত্রে জোড়া দিয়ে থ্রি-ফেজ ট্রান্সফরমার গঠন করা যেতে পারে। এ পদ্ধতিকে ট্রান্সফরমার ব্যাংকিং বলে। প্রথমোক্ত পদ্ধতির সুবিধা হলো কোরের গঠনে আয়রনের পরিমাণ কম লাগে, স্থাপন জায়গা কম লাগে। শুধুমাত্র একটি ইউনিটকেই রক্ষণাবেক্ষন, মেরামত, পরিচর্যা ও দেখাশুনা করতে হয়। তাতে লোকজন কম লাগে ও বেশি সুবিধাজনক, ওজন হালকা এবং ইনসুলেটিং অয়েলের পরিমাণ কম লাগে। অসুবিধা হলো যদি কোনো সময় একটি ফেজ নষ্ট হয়ে যায় তবে মেরামত করার জন্য সমগ্র ট্রান্সফরমারটিকে সিস্টেম হতে বিচ্ছিন্ন করে কাজ করতে হয়। এতে সাময়িকভাবে হলেও সরবরাহের বিঘ্ন ঘটে। পক্ষান্তরে, দ্বিতীয় পদ্ধতির সুবিধা হলো যদি কোনো সময় একটি ট্রান্সফরমার নষ্ট হয়ে যায় তবে বাকি দুটির সাহায্যে সরবরাহের বিঘ্ন না ঘটিয়ে কাজ চালানো যায়। এটির অসুবিধা হলো স্থাপনে জায়গা বেশি লাগে। প্রতিটি সিঙ্গেল ফেজ



Core type three phase transformer

Shell type three phase transformer

Abdur Rouf Sir

৭.১ তিন ফেজ ট্রান্সফরমারের গঠন বর্ননা(Describe the construction of three phase





Core type three phase transformer



Three Single Phase Core in Contact With Another



Shell type three phase transformer

৭.১ তিন ফেজ ট্রান্সফরমারের গঠন বর্ননা(Describe the construction of three phase transformer)

তিন ফেজ ট্রান্সফরমারের বিভিন্ন অংশের নাম নিম্নে দেওয়া হলোঃ

১। লো-ভোল্টেজ ওয়াল্ডিং (Low –voltage winding
২। হাই-ভোল্টেজ ওয়াল্ডিং (High- voltage winding)
৩। অয়েল লেভেল ইন্ডিকেটর (Oil level Indicator)
৪। কনজারভেটর Conservator)
৫। ব্রিদার (Breather)
৬। ড্রেইন কক (Drain coke)
৭। রেডিয়েটর টিউবস্ ফর কুলিং(Radiator tubes for cooling)
৮। ট্রান্সফরমার ওয়েল (Transformer oil)
৯। আর্থ পয়েন্ট (Earth point)
১০। এক্সপালশন ভেন্ট (Expulsion vent)
১১। টেম্পারেচার গেজ(Temperature gauge)
১২। বুখল্স রিলে (Buchholz relay)
১৩। লো-ভোল্টেজ বুশিং (Low-voltage bushing)
১৪।হাই-ভোল্টেজ বুশিং (High-voltage bushing)
১৫। থার্মোমিটার (Thermometer)
১৬। ক্যারেজ (Carriage)



Abdur Rouf Sir

220Kv Power transformer main structure & Appearan

1. Oil level indicator(OLTC)
2. Bypass valve
3. Oil conservator
4. Oil Level indicator (Main transformer)
5. Fire fighting device with nitrogen)
6. Earthing terminals
7. Moisture absorber
8. Terminal box
9. Control box for fans
10. Oil Temperature
11. Windings termperature
12. Fans
13. Radiator
14. M.V bushings
15. H.V bushings

Abdur Rouf Sir




CONSERVATOR
BUCHHOLZ RELAY
EXPLOSION VALVE
DIAPHRAGM
OIL LEVEL INDICATOR
OIL INLET VALVE
HT TERMINAL
L.T.PORCELAIN BUSHES
TEMPERATURE GAUGE
BREATHER
TAP CHANGER MANUALLY OPERATED
AIR
OIL
COOLING TUBES
EARTH
TANK
WHEEL
OIL OUTLET DRAIN COCK
EARTH

৭.১ তিন ফেজ ট্রান্সফরমারের গঠন বর্ননা(Describe the construction of three phase transformer

(ক) লো এবং হাই-ভোল্টেজ ওয়াল্ডিং (Low and high-voltage winding):

একটি ট্রান্সফরমারের দুই বা ততোধিক কয়েল থাকতে পারে। এ কয়েলগুলো সাধারণত ইনসুলেশনযুক্ত সুপার এনামেল তামার তারের হয়ে থাকে। কয়েল গুলোর আকার গোলকৃতি, স্পাইরাল, ফিতাকৃতি, চ্যাপ্টা আকৃতি ইত্যাদি ধরনের হয়।
নির্দিষ্ট আকৃতির ফরমায় তৈরি কয়েলসমূহ একটি কোরের উপর (থ্রি-ফেজ কোর টাইপ) পরানো বা বসানো হয়। লো-ভোল্টেজ কয়েল কোর সংলগ্ন এবং হাই-ভোল্টেজ কয়েল লো-ভোল্টেজ কয়েলের উপর জড়ানো হয়। এরুপ করার কারণ হলো যাতে সহজে উচ্চ ভোল্টেজের উত্তাপ কোর হতে বিতরণ হতে পারে। লো-ভোল্টেজ কয়েল, হাই-ভোল্টেজ কয়েলের উপরে জড়ানো হলে, হাই-ভোল্টেজ কয়েল হতে উত্তাপ বিতরণ অতি দ্রুত হতে



Abdur Rouf Sir

৭.১ তিন ফেজ ট্রান্সফরমারের গঠন বর্ননা(Describe the construction of three phase transformer

(খ) কোর (Core):

ওয়াইন্ডিংগুলো যে ইস্পাতের ফ্রেমের উপরে জড়ানো থাকে, ঐ ফ্রেমটিকে কোর বলে। বেশিরভাগ থ্রি-ফেজ ট্রান্সফরমার কোর টাইপ ও সামান্য কিছু ক্ষেত্রে শেল টাইপ কোর ব্যবহার করা হয়। থ্রি-ফেজ কোর টাইপে তিনটি অংশ এবং শেল টাইপে পাঁচটি অংশ বা অঙ্গ থাকে। এ অংশগুলোতেই কয়েল জড়ানো হয়। কোর ব্যবহারের ফলে কোড় লসের উদ্ভব হয়, যার মধ্যে এডি-কারেন্ট (Eddy current) এবং হিসটেরেসিস (Hysteresis) লস অন্তর্ভুক্ত থাকে। কোর হিসাবে ব্যবহৃত হয়-

১। কোল্ড রোল্ড কোর (Cold rolled core) বা CRGO (Cold Rolled Grain Oriented) শিট
২। হট রোল্ড কোর (Hot rooled core)। এ সমস্ত কোরে যে সমস্ত সংকর ধাতু ব্যবহার করাহয় তাদের নাম নিম্নরুপঃ

(ক) লো-কার্বন স্টিল (Low carbon steel)
(খ) সিলিকন স্টিল (Silicon steel)

Abdur Razzak

৭.২। তিন ফেজ ট্রান্সফরমারের সংযোগের বিভিন্ন পদ্ধতির তালিকা এবং তাদের ব্যবহার (List various methods of connection of three phase transformer and their applications):

তিনফেজট্রান্সফরমারেরসংযোগেরবিভিন্নপদ্ধতিঃ

(ক) স্টার-স্টারসংযোগ (Star-Star connection)(Y-Y co
(খ) ডেলটা-ডেলটাসংযোগ (Delta-Delta connection)(
(গ) স্টার-ডেলটাসংযোগ (Star-Delta connection)(Y-Δ
(ঘ) ডেল্টা-স্টারসংযোগ (Delta-Star connection)(Δ-Y



এ ছাড়া আরও দুটি সংযোগ হচ্ছেঃ

(ক) ওপেন-ডেলটা বা ভি-ভি সংযোগ (Open-delta or V-V connection)
(খ) স্কট বা টি টি সংযোগ (Sco
conn


Open Delta Connection



Scott (T-T) Connection

Abdur Rouf Sir

৭.২। তিন ফেজ ট্রান্সফরমারের সংযোগের বিভিন্ন পদ্ধতির তালিকা এবং তাদের ব্যবহার (List various methods of connection of three phase transformer and their applications):

স্টার-স্টার (Y-Y), ডেলটা-ডেলটা(Δ-Δ), স্টার-ডেলটা (Y-Δ), এবংডেল্টা-স্টার(Δ-Y) ব্যবহারবাপ্রয়োগক্ষেত্রনিম্নরূপঃ



Y - Y

(ক) স্টার-স্টারসংযোগ (Star-Star connection)(Y-Y connecti

১। ট্রান্সফরমারকেস্টেপ-আপএবংস্টেপ-ডাউনউভয়ক্ষেত্রেব্যবহারকরাহয়।

২। তিনফেজব্যালেন্সলোডেব্যবহারকরাহয়।

৩।

যেখানেসেকেন্ডারিফেজভোল্টেজেরবিকৃতিবেশিসেখানে- করাহয়।

৪। এটিরছোটহাই-ভোল্টেজট্রান্সফরমারব্যা বেশিপ্রায়োগদেখাযায়।



Δ - Δ

(খ) ডেলটা-ডেলটা সংযোগ (Delta-Delta con Δconnection):

১। কমভোল্টেজেব্যবহারকরাহয়।

২। অসমানলোডেওব্যবহারকরাযায়।

৩। ওপেনডেলটাহিসাবেওপ্রয়োগকর

sev.com

৭.২। তিন ফেজ ট্রান্সফরমারের সংযোগের বিভিন্ন পদ্ধতির তালিকা এবং তাদের ব্যবহার

স্টার-স্টার (Y-Y), ডেলটা-ডেলটা(Δ-Δ), স্টার-ডেলটা (Y-Δ), এবংডেল্টা-স্টা
ব্যবহারবাপ্রয়োগক্ষেত্রনিম্নরূপঃ



(গ) স্টার-ডেলটা সংযোগ (Star-Delta conn
Δ connection)

১। এটিস্টেপডাউনট্রান্সফরমারহিসাবেব্যবহৃত
২। এ পদ্ধতিসাব-
স্টেশনেট্রান্সমিশনলাইনেরশেষপ্রান্তেব্যবহৃত
৩। লো-ভোল্টেজডিস্ট্রিবিউশনসার্কিটেপ্রয়ো



(ঘ) ডেল্টা-স্টারসংযোগ (Delta-Star conn
connection)

১।
এটিসাধারণতস্টেপআপট্রান্সফরমারহিসাবে
২। এটিপ্রাইমারিট্রান্সমিশনসিস্টেমেরপ্রারম্ভে

Abdur Rouf Sir

৭.৩। স্টার-স্টার (Y-Y), ডেলটা-ডেলটা (Δ-Δ), স্টার-ডেলটা (Y-Δ), এবংডেল্টা-স্টার (Δ-Y) methods of star-star, delta-delta, star-delta, delta-star connection):

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলোঃ

(ক) স্টার-স্টারসংযোগ (Star-Star connection)(Y-Y

এ পদ্ধতিরসংযোগচিত্রপাশেরচিত্রেদেয়াহলো। এ পদ্ধতিতেতিনটিসিঙ্গেলফেজট্রান্সফরমারউভয়দিকেসা য়ীসংযোগকরাহয়। এ ধরণেরসংযোগছোট, উচ্চভোল্টেজট্রান্সফরমারেরজন্যবিশেষউপযোগী, কারণটার্নস/ফেজএরসংখ্যাএবংইনসুলেশনেরপরিমাণ (যেহেতুফেজভোল্টেজলাইনভোল্টেজের$\frac{1}{\sqrt{3}}$গুন)। প্রতিটিট্রান্সফরমারেরট্রান্সফরমেশনরেশিওএকইথাকে সেকেন্ডারিসাইডেরলাইনভোল্টেজেররেশিওএকইহয়। এটিথ্রি-ফেজব্যালেন্সডলোডেভালোকাজকরে, আনব্যালেন্সডলোডেএরসেকেন্ডারিনিউট্রালআদিঅবস্থ য়। কারণএখানেখুবকমমানেররেজিস্ট্যান্সঅর্থাৎ প্রায়শ সার্কিটএরন্যায়রেজিস্ট্যান্সযেকোনএকতিট্রান্সফরমারেরসেকে নিউট্রালেরআড়াআড়িতেসংযোজনঅবস্থারউদ্ভবহয়।



Star-Star Connection

Abdur Rouf Sir

৭.৩। স্টার-স্টার (Y-Y), ডেলটা-ডেলটা (Δ-Δ), স্টার-ডেলটা (Y-Δ), এ সংযোগপদ্ধতি (The methods of star-star, delta-delta, star-delta, connection):

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলোঃ

স্টার-স্টার পদ্ধতিরসুবিধাসমূহ (Advantages of Y-

১। ট্রান্সফরমারকেস্টেপ-আপএবংস্টেপ-ডাউনউভয়ক্ষেত্রেব্যবহারকরাহয়।

২। তিনফেজব্যালেন্সলোডেব্যবহারকরাহয়।

৩। এটিরছোটহাই-ভোল্টেজট্রান্সফরমারব্যাংকিং-এ বেশিপ্রায়োগদেখাযায়।

৪। ফেজএরবিবেচনায়ইনসুলেশনখুবকমলাগেকারণফে [illegible]

[illegible] ৫। [illegible] লাইনটুনিউট্রালভোল [illegible] ৫৮% হয়।

স্টার-স্টার পদ্ধতির অসুবিধাসমূহ (Disadvantages of Y-Y system):

১। [illegible] নিউট্রাল ত্রুটির উদ্ভব হয়।

২। আনব্যালেন্স লোডে ভালো কাজ করেনা।

৩। ডেল্টা-স্টার বা স্টার-ডেলটা-এর সাথে প্যারালালে ব্যাংকিং করা যায়না।

Star-Star Connection



Abdur Rouf Sir

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলোঃ

(খ) ডেলটা-ডেলটা সংযোগ (Delta-Delta connection)(Δ-Δ connection):

এ পদ্ধতিঅনুযায়ীট্রান্সফরমারেরউভয়দিকেপোলারিটি...
যায়ীডেল্টাসংযোগহয়েথাকে।
এটিসাধারনতকমভোল্টেজেভালোকাজকরে।
অসমানলোডেএরকোনঅসুবিধাহয়না। এদের
লাইনভোল্টেজ (প্রাইমারি ও সেকেন্ডারি)
রেশিওএদেরনিজস্বরেশিওরসমান।
এরসবচেয়েবড়সুবিধাহলযেকোনএকটিইউনিট...
য়েগেলেবাকিদুটিদ্বারাভি-ভি(V-V) connection
দিয়েসার্ভিসকেসাময়িকভাবেচালিয়েনেয়াযায়।
এতেকোনভাসমাননিউট্রালউদ্ধবহয়না।



Δ - Δ



Delta-Delta connection

Abdur Rouf Sir

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলোঃ

(খ) ডেলটা-ডেলটাসংযোগেরসুবিধাসমুহ (Advantanges of Δ-Δ connection):

Δ - Δ

- ১। এটিবৃহৎ লো-ভোল্টেজেট্রান্সফরমারেরজন্যউপযোগী।
- ২। আউটপুটভোল্টেজেসাইনুসয়ডাল (Sin
হয়েথাকে।
- ৩। অসমানলোডেওকোনঅসুবিধাহয়না।
- ৪।ওপেনডেলটা(V-V connection)হিসাবেওপ্রয়োগকরাযায়।
- ৫। প্রাইমারি ও সেকেন্ডারিভোল্টেজেরমধ্যেকোনফেজপা
।





Delta-Delta connection

Abdur Rouf Sir

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলো:

(খ) ডেল্টা-ডেল্টা সংযোগের অসুবিধাসমূহ (Disadvantanges of Δ- Δ connection):

- ১। এতে টার্নস বা ফেজ এর সংখ্যা বৃদ্ধি পায়।
- ২। Neutral connection পাওয়া যায় না।
- ৩। V-V connection এ কাজ করার সময় ফুল ক্যাপাসিটি পাওয়া যায় না।
- ৪। স্টার-ডেল্টা বা ডেল্টা- স্টার এর সাথে প্যারালাল ব্যাংকিং করা যায় না।
- ৫। তৃতীয় হারমোনিক এক্সাইটিং কারেন্ট ডেল্টা ওয়াইন্ডিং এ আবর্তকারে) Circulating) প্রবাহিত হয়।



Delta-Delta connection

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলোঃ

(গ) স্টার -ডেলটাসংযোগ(Star-Delta connection)(Y

এ
পদ্ধতিতেপ্রাইমারিতেস্টারএবংসেকেন্ডারিতে
গকরাহয়। এ
পদ্ধতিতেসাধারণভোল্টেজকমানোরজন্যব
এখানেপ্রাইমারি ও
সেকেন্ডারিলাইনভোল্টেজরেশিওএদেরনিজ
মানহয়না। প্রাইমারি ও সেকেন্ডারিলাইনভো
30˚ ফেজপার্থক্যথাকে।
ট্রান্সমিশনলাইনেরশেষপ্রান্তেঅবস্থিতসাব-
স্টেশনভোল্টেজকেকমানোরকাজেসাধারণ



Star-Delta connection

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলোঃ

স্টার -ডেলটাসংযোগেরসুবিধা(Advantages of Y-Δ

১।
উচ্চভোল্টেজথেকেকমভোল্টেজআনয়নে
যোগী।

স্টার -ডেলটাসংযোগেরঅসুবিধা(Disadvantages of Y-Δ connection):

২। লো-ভোল্টেজডিস্ট্রিবিউশনসার্কিটেরক্ষে

১। ডেলটা-ডেলটাবাস্টার-স্টারএরসাথেপ্যারালালেব্যাংকিংকরাযায়না।



Star-Delta connection

৭.৩। স্টার-স্টার (Y-Y), ডেলটা-ডেলটা (Δ-Δ), স্টার-ডেলটা (Y-Δ), এবংডেল্টা-স্ট
(The methods of star-star, delta-delta, star-delta, delta-star conn

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলোঃ

(ঘ) ডেল্টা-স্টারসংযোগ(Star-Delta connection)(*Y*-Δ conn

এ পদ্ধতিতেপ্রাইমারিডেল্টাএবংসেকেন্ডারিস্টারসংযোগহ
পদ্ধতিভোল্টেজবর্ধিতকরারজন্যব্যবহৃতহয়েথাকে।
বিশেষকরাপ্রাইমারিট্রান্সমিশনলাইনেরশুরুতেব্যবহৃতহয়।
সেকেন্ডারিস্টারসংযুক্তথাকায়মাত্র 58%
ইনসুলেশনেকাজচালানোযায়। আনব্যালেন্স ও
লোডেভাসমাননিউট্রালত্রুটিরউদ্ভবহয়না। এ
সংযোগেভোল্টেজওয়েভবিকৃতিবিহীন (Distortionless) হয়
লাইনভোল্টেজেরভোল্টেজরেশিওএকইহয়নাকারণপ্রতিটিট্র
রেরট্রান্সফরমেশনরেশিওঅনুযায়ীহয়।



Abdur Rouf Sir



Delta – Star connection

৭.৩। স্টার-স্টার (Y-Y), ডেলটা-ডেলটা (Δ-Δ), স্টার-ডেলটা (Y-Δ), এবংডেল্টা-স্ট
(The methods of star-star, delta-delta, star-delta, delta-star conn

ট্রান্সফরমারের বিভিন্ন সংযোগ নিম্নে বর্ণনা করা হলো:

ডেল্টা-স্টার সংযোগেরসুবিধাসমূহ(Advantages of Y-Δ

